

## গবেষণায় সাফল্য



চিভের প্রজেক্ট ফিল্ডে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা নুর আলম চৌধুরী

সমকাল

## পেঁয়াজের বিকল্প হতে পারে 'চিভ'

■ ইজাজ আহমেদ মিলন, গাজীপুর  
পেঁয়াজের বিকল্প হিসেবে ব্যবহারের জন্য 'চিভ' নামে একটি মসলার জাত চাষে সাফল্য পেয়েছেন কৃষি বিজ্ঞানীরা। চার বছরের গবেষণা শেষে সাইবেরিয়ান-মঙ্গোলিয়ান ও নর্থ চায়না অঞ্চলের আদি এই মসলাটি বাংলাদেশে চাষের উপযোগী করে উদ্ভাবন করেছেন কৃষি গবেষণা ইনস্টিটিউটের মসলা গবেষণা কেন্দ্রের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা নুর আলম চৌধুরী। তার সহযোগী হিসেবে কাজ করেছেন ড. আলাউদ্দিন খান, ড. মোস্তাক আহমেদ ও মোহাম্মদ মনিরুজ্জামান। চিভের উচ্চ ফলনশীল জাত উদ্ভাবনের উদ্দেশ্যে এ চার বিজ্ঞানী মসলাটির বেশ কয়েকটি লাইনের ওপর গবেষণা চালান। পরে সারাবছরই চাষের উপযোগী 'বারি চিভ-১' নামে একটি জাত উদ্ভাবন করতে সক্ষম হন।

চিভের মধ্যে ক্যান্সার প্রতিরোধে বিভিন্ন গুণাগুণ রয়েছে। এর পাতা লিনিয়ার আকৃতির, সমতল, পাতার কিনারা মসৃণ, ভালভ লম্বা, ফুলের রং সাদা ও পার্পল। আর পুষ্পমঞ্জুরি অশ্বেল প্রকৃতির। চিভের প্রসার পেঁয়াজের ঘাটতি

অনেকটা মেটাতে সক্ষম বলে দাবি করছেন ড. মুহাম্মদ নুর আলম চৌধুরী।

তিনি বলেন, চিভ একটি বহুবর্ষজীবী মসলা। এটা অ্যামারাইলিডেসি পরিবারের অন্তর্ভুক্ত। চিভ সুভে ও সাল্যাদসহ বিভিন্ন চাইনিজ খাবারে ব্যবহৃত হয়ে আসছে। চিভের পাতা, কন্দ ও অপরিপক্ব ফুল সুগন্ধি হিসেবেও ব্যবহৃত হয়। চিভ হজমে সাহায্য করে এবং ক্যান্সার প্রতিরোধী গুণ বিদ্যমান।

ড. চৌধুরী আরও বলেন, আন্তঃফসল হিসেবে চাষ করার মাধ্যমে কলার পানামা রোগ নিয়ন্ত্রণে সাহায্য করবে চিভ। চিভে প্রচুর পরিমাণে ভিটামিন সি, ভিটামিন বি-১, ভিটামিন বি-২, নায়াসিন, ক্যারোটিন, কার্বোহাইড্রেট ও খনিজ পদার্থ বিদ্যমান। তিনি বলেন, দেশে প্রায় ২২ লাখ টনের চাহিদার বিপরীতে পেঁয়াজ উৎপাদন হয় ১৭ দশমিক ৩৫ লাখ টন। ঘাটতি থাকছে প্রায় ৪ দশমিক ৬৫ লাখ টন। এই ঘাটতি পূরণের জন্য বাণিজ্যিকভাবে চিভ চাষ করা যেতে পারে।

এদিকে বছর দুই আগে কৃষি মন্ত্রণালয় চিভের অনুমোদন দিলেও

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

ব্যাপকভাবে এর চাষাবাদ শুরু হয়নি। সিলেট অঞ্চলে এর কিছু চাষ হচ্ছে। এ ছাড়া পেঁয়াজ উৎপাদনকারী এলাকা যেমন পাবনা, ফরিদপুর, রাজবাড়ী, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, রাজশাহী (দুর্গাপুর ও তাহেরপুর), মাগুরা, বগুড়া, লালমনিরহাটসহ উত্তরাঞ্চলে ব্যাপকভাবে চিভ চাষের সম্ভাবনা রয়েছে।